

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বিভিন্ন বিভাগ/দপ্তর/অঞ্চলের কর্মকর্তা ও সম্মানিত কাউন্সিলরদের অনুকূলে ইমপ্রেস্ট মানি (পুনঃভরণযোগ্য) অগ্রীম প্রদান বিষয়ক সভার কার্যবিবরণী:

সভাপতি : মীর খায়রুল আলম, প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
তারিখ : ১৯ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ ।। ০২ মে ২০২৪
সময় : সকাল ১১.০০ ঘটিকা
স্থান : সভা কক্ষ, লেভেল-৮, নগর ভবন, গুলশান-২, ঢাকা-১২১২।

সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট “ক”

সভাপতি ও প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়।

সভাপতির অনুমতিক্রমে প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা সভায় জানান যে, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বিভিন্ন দপ্তর/অঞ্চলের কর্মকর্তাদের অনুকূলে ইমপ্রেস্ট মানি (পুনঃভরণযোগ্য) অগ্রীম প্রদান করা হয়। তবে বরাদ্দকৃত ইমপ্রেস্ট মানি (পুনঃভরণযোগ্য) কোন কোন খাতে কত শতাংশ ব্যয় করা হবে; ব্যয়ের মেয়াদ কত দিন হবে; তা নির্ধারণ করা প্রয়োজন।

সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন সভাকে অবহিত করেন যে, কর্মকর্তা ছাড়াও সম্মানিত কাউন্সিলর ও সংরক্ষিত আসনের কাউন্সিলরদের অনুকূলে ইমপ্রেস্ট মানি (পুনঃভরণযোগ্য) বাবদ ২১,০০০/- (একুশ হাজার) টাকা বরাদ্দ প্রদান করা হয়। এ বিষয়ে সুনির্দিষ্ট নীতিমালা প্রণয়ন করা আবশ্যিক।

প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন বলেন, যে সকল দ্রব্যাদি ভান্ডার ও ক্রয় বিভাগ হতে সরবরাহ করা হয় সে সকল দ্রব্যাদি খরচ বাবদ ইমপ্রেস্ট মানি'র অর্থ ব্যয় করা সমীচীন নয়।

প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা সভায় বলেন যে, স্ব স্ব দপ্তরের সভার আপ্যায়ন খরচের জন্য দপ্তরের অনুকূলে বরাদ্দকৃত ইমপ্রেস্ট মানি ব্যবহার করা যায়। তবে বড় পরিসরে কোন সভা (৩০ জনের অধিক) অনুষ্ঠিত হলে সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন বিভাগ আপ্যায়নের ব্যবস্থা করতে পারে।

প্রধান সম্পত্তি কর্মকর্তা সভায় অবহিত করেন যে, সম্পত্তি বিভাগের বিভিন্ন দরপত্র উন্মুক্তকরণের জন্য আহ্বানকৃত সভার আপ্যায়ন বাবদ ইমপ্রেস্ট মানি'র (পুনঃভরণযোগ্য) অর্থ ব্যয় করা হয়।

প্রধান স্বাস্থ্য কর্মকর্তা সভায় অবহিত করেন যে, কোন কর্মকর্তাকে আমন্ত্রণ ও বিদায় সংবর্ধনার অনুষ্ঠানের জন্য যে ব্যয় হবে তার ব্যয় বহন করার জন্য আলাদা একটি তহবিল গঠন করা যেতে পারে।

সভাপতি তাঁর বক্তব্যে ইমপ্রেস্ট মানি'র (পুনঃভরণযোগ্য) অর্থ ব্যয়ে সকলকে সতর্ক হতে বলেন। তিনি আরও উল্লেখ করেন যে, ইমপ্রেস্ট মানি'র (পুনঃভরণযোগ্য) ব্যবহারের একটি 'খসড়া' নির্দেশিকা প্রণয়ন করা আবশ্যিক।

বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়:

সিদ্ধান্ত:

১) যে কোন বিভাগের বড় পরিসরে কেনাকাটার প্রয়োজন হলে তা ভান্ডার ও ক্রয় বিভাগের মাধ্যমে ক্রয় করা হবে।

২) ইমপ্রেস্ট মানি'র (পুনঃভরণযোগ্য) ভাউচার প্রদানের সময় বিভাগীয় প্রধানগণ জেনারেল ফাইন্যান্সিয়াল রুলসহ প্রয়োজনীয় বিধি অনুসরণ করবেন।


- ৩) প্রতিটি পুনঃভরণের পর পরবর্তি সময়ের ব্যয় নির্বাহ করে ভাউচার সমন্বয়ের ব্যবস্থা করতে হবে। একটি পুনঃভরণের পূর্ববর্তি সময়ের ব্যয় উক্ত ইমপ্রেস্ট মানি দিয়ে নির্বাহ করা যাবে না।
- ৪) ইমপ্রেস্ট মানি ব্যবহারের একটি 'খসড়া' নির্দেশিকা প্রণয়নের জন্য নিম্নোক্ত কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়:

১.	আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-৩, ডিএনসিসি	আহ্বায়ক
২.	নিরীক্ষা কর্মকর্তা, ডিএনসিসি	সদস্য
৩.	প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, ডিএনসিসি	সদস্য
৪.	জনাব মো: মাহবুব হাসান, নির্বাহী ম্যাজিস্ট্রেট, ডিএনসিসি	সদস্য
৫.	প্রধান নির্বাহী কর্মকর্তার স্টাফ অফিসার, ডিএনসিসি	সদস্য
৬.	সহকারী আইন কর্মকর্তা, ডিএনসিসি	সদস্য
৭.	হিসাবরক্ষণ কর্মকর্তা, ডিএনসিসি	সদস্য-সচিব

কমিটির কার্যপরিধি:

- ক) কমিটি ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে একটি খসড়া নীতিমালা প্রণয়ন করবে; এবং
- খ) অর্থ ব্যয়ে দ্বৈততা পরিহার ও অন্যান্য প্রাসংগিক বিষয় বিবেচনায় নিতে হবে।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


 ২৬/০৫
 ২৬/২৪
 মীর খায়রুল আলম
 (অতিরিক্ত সচিব)
 প্রধান নির্বাহী কর্মকর্তা
 ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

নং: ৪৬.১০.০০০০.০০৬.০৪.২৬০.২০- ১৬৬৭

তারিখ: ২৩ মে, ২০২৪ খ্রি:

- সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১. সম্মানিত কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড নং/সংরক্ষিত আসন নং, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
 ২. বিভাগীয় প্রধান (সকল) ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
 ৩. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
 ৪. মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
 ৫. প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
 ৬. দপ্তর/শাখা প্রধান ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে।
 ৭. সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (ডিএনসিসি'র ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
 ৮. সহকারী সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে।
 ৯. অফিস কপি।